

ত্রাণ কর্মীদের জন্য যৌন আচরণবিধি

ত্রাণ কর্মীরা যৌন অসদাচরণ করলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে- এমনকি বহিষ্কার করা হতে পারে। এ ধরনের ঘটনা এড়াতে নিচের নিয়মগুলি তাদের অবশ্যই মেনে চলতে হবে:

- ত্রাণ কর্মীগণ ১৮ বছরের কম বয়সী কারও সাথে যৌন সম্পর্ক স্থাপন করতে পারবেন না, (এমনকি এটি যদি তাদের দেশে আইনসিদ্ধ হয় তবুও না)। এক্ষেত্রে ব্যক্তির বয়স না জানার অজুহাত গ্রহণযোগ্য হবে না।
- অর্থ, চাকরি, দুর্দশাগ্রস্ত মানুষদের সহায়তার জন্য প্রদত্ত জিনিসপত্র ও পরিষেবাগুলিসহ অন্যান্য কোনও জিনিসপত্র অথবা পরিষেবার বিনিময়ে ত্রাণ কর্মীগণ কারও সাথে যৌন সম্পর্ক স্থাপন করতে পারবেন না। তারা কখনোই এই জিনিসগুলি দেয়ার প্রতিশ্রুতির বিনিময়ে ব্যবহার করে কাউকে কোনও অবমাননাকর বা শোষণমূলক আচরণ মেনে নিতে বাধ্য করতে পারবেন না। একজন যৌন কর্মীকে যৌনকর্মের জন্য অর্থ প্রদান করা অথবা অর্থ প্রদানের প্রতিশ্রুতি দেওয়াও এর অন্তর্ভুক্ত।
- ক্ষমতার ভারসাম্যে ত্রাণকর্মীরা সুবিধাজনক অবস্থানে থাকেন। ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী পণ্য ও পরিষেবার বিষয়ে ত্রাণকর্মীদের উপর নির্ভরশীল হয়ে পড়েন। এই কারণে মানবিক সহায়তার কাজে যুক্ত সংস্থাগুলি তাদের কর্মীদের মানবিক সংকটের ফলে ক্ষতিগ্রস্ত হয়েছেন এমন কারো সঙ্গে যৌন সম্পর্ক গড়ে তুলতে দৃঢ়ভাবে বিরুদ্ধসাহিত করে। এই ধরনের সম্পর্ক মানবিক সহায়তা কার্যক্রমের ত্রাণ কার্যের সততা এবং নির্ভরযোগ্যতাকে ক্ষুণ্ণ করে।
- কোন ত্রাণ কর্মীর যদি মনে হয় যে তাদের সংগঠন বা অন্য কোন ত্রাণ সংস্থার কোনও ব্যক্তি মানবিক সহায়তার ক্ষেত্রে যৌন আচরণবিধি লঙ্ঘন করছেন, সেক্ষেত্রে মনের মধ্যে সন্দেহ বা উদ্বিগ্নতা পুষে না রেখে অবশ্যই সংস্থার নিয়ম অনুসারে সেই সম্পর্কে অভিযোগ জানানো উচিত।
- মানবিক সহায়তা কার্যক্রমে কর্মীগণ অবশ্যই এমন একটি কাজের পরিবেশ তৈরি করেন এবং বজায় রাখবেন যাতে অগ্রহণযোগ্য যৌন আচরণ রোধ করা যায়। সেই সাথে কর্মীগণ প্রাতিষ্ঠানিক আচরণবিধি মেনে চলতে উৎসাহিত হয়। সকল ব্যবস্থাপকদের দায়িত্ব হল এই পরিবেশ তৈরির জন্য নিয়ম তৈরী করা এবং সেগুলো অনুশীলন ও প্রয়োগের মাধ্যমে কাঙ্ক্ষিত পরিবেশ বজায় রাখতে সাহায্য করা।

যৌন শোষণ ও নিগ্রহ বিষয়ক IASC নীতিমালাটি এখানে পাওয়া যাবে:

http://www.pseataforce.org/uploads/tools/sixcoreprinciplesrelatingtosea_iasc_english.doc.

এই সরল ভাষায় লেখা সংস্করণটি IASC-র ক্ষতিগ্রস্ত মানুষদের প্রতি দায়বদ্ধতা এবং যৌন শোষণ থেকে সুরক্ষা টাস্ক টিম ও ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্স মিলিতভাবে রচনা করেছে।